

## জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ  
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)  
৭১-৭২ ইস্কাটন গার্ডেন, ঢাকা।  
[www.bfsa.gov.bd](http://www.bfsa.gov.bd)

বিজ্ঞপ্তি নং-১৩.০২.০০০০.৫১৬.৩২.০০৪.১৭-১৪

তারিখ: ০৬ জুন ২০১৮

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিশেষজ্ঞ প্যানেলে অন্তর্ভুক্তির জন্য আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে দরখাস্ত আহ্বান।

নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, উহার কার্য পরিচালনায় সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক বিশেষজ্ঞ প্যানেল গঠনের জন্য নিম্নে বর্ণিত বিষয়ে অভিজ্ঞতাসম্পন্ন চাকুরিরত অথবা অবসরপ্রাপ্ত বিজ্ঞানী বা বিশেষজ্ঞগণের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	বিষয়সমূহ	অভিজ্ঞতার ক্ষেত্রসমূহ
১.	খাদ্য দ্রব্যে মিশ্রিত পদার্থ, খাদ্য সংশ্লিষ্ট স্বাদ গন্ধ যুক্ত পদার্থ এবং প্রক্রিয়াকরণ সহযোগী ও বস্তু	রসায়ন, প্রাণ রসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান, অণুজীব বিজ্ঞান, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান, খাদ্য প্রযুক্তি ও প্রকৌশল, নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা, প্রাণীবিজ্ঞান, প্রাণী পালন ও চিকিৎসাবিজ্ঞান, চিকিৎসাবিজ্ঞান, ইপিডেমিওলজি, বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং, উদ্ভিদবিজ্ঞান, কৃষিবিজ্ঞান এবং সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।
২.	কীটনাশক ও এন্টিবায়োটিকের অবশিষ্টাংশ	
৩.	জেনেটিক্যালি সংশোধিত জীবাণু ও খাদ্য	
৪.	খাদ্য ঝুঁকি (রাসায়নিক ও জৈবিক) নিরূপণ ও বিশ্লেষণ	
৫.	খাদ্যে অণুজৈবিক দূষণ	
৬.	মোড়ক পরিচিতি	
৭.	নমুনা সংগ্রহ ও বিশ্লেষণ পদ্ধতি	
৮.	খাদ্যে তেজস্ক্রিয়তা	

### আবেদনের নিয়মাবলী:

- বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদত্ত <https://bfsa.gov.bd/e-recruitment> লিংকে অনলাইনে সরাসরি আবেদন করা যাবে অথবা ই-মেইল যোগে [secretary@bfsa.gov.bd](mailto:secretary@bfsa.gov.bd) ঠিকানায় অথবা ডাকযোগে সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০ এই ঠিকানায় প্রেরণ করতে হবে।
- ডাক যোগে আবেদনের ক্ষেত্রে স্বহস্তে/টাইপ করে আবেদন করতে হবে।
- আবেদনের সাথে পূর্ণাঙ্গ জীবন-বৃত্তান্ত, দুই কপি পাসপোর্ট সাইজের ছবি এবং উল্লিখিত বিষয়ে অভিজ্ঞতা/গবেষণার বিবরণ সংযুক্ত করতে হবে (প্রয়োজ্য ক্ষেত্রে বৈজ্ঞানিক প্রকাশনার বিবরণ দিতে হবে)।

### আবেদনের যোগ্যতা:

- উল্লিখিত এক বা একাধিক বিষয়ে সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত বিজ্ঞানী বা বিশেষজ্ঞগণের কমপক্ষে ১৫ (পনের) বছরের পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।
- সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত ব্যক্তিগণের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

### আবেদনের শেষ তারিখ: ৩১ জুলাই, ২০১৮

সম্মানি: বিশেষজ্ঞ প্যানেল হতে গঠিত কমিটির সদস্যগণ বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বোর্ড কর্তৃক অনুমোদিত সম্মানি/ ভাতাদি প্রাপ্য হবেন।

- কর্তৃপক্ষ প্রয়োজনে বিজ্ঞপ্তিটি সংশোধন/পরিমার্জন/সংযোজন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(আবু সাইদ মোঃ নোমান)

সচিব

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০২-৫৫১৩৮৬০০

ই-মেইল: [secretary@bfsa.gov.bd](mailto:secretary@bfsa.gov.bd)

ওয়েবসাইট: [www.bfsa.gov.bd](http://www.bfsa.gov.bd)